ভোরের কাগজ

তারিখ ... 26 NOV 1997 ...
পৃষ্ঠা ... 12 ... কলাম ... ৩ ......

12

### বুয়েটের সমাবর্তন আগামীকাল

# প্রধানমন্ত্রীর সভাপতিত্বে 'সমাবর্তন বক্তৃতা' দিবেন বিচারপতি হাবিবুর রহমান

কাগজ প্রতিবেদক : আগামীকাল বৃহস্পতিবার বুয়েট মাঠে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) পঞ্চম সমাবর্তন অনুষ্ঠিত হবে। বুয়েটের চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমাবর্তনে সভাপতিত্ব করবেন এবং প্রায় ৩ হাজার ছাত্রছাত্রীকে সনদপত্র দেবেন। এবারের সমাবর্তনে 'সমাবর্তন বক্তৃতা' দেবেন সাবেক প্রধান উপদেষ্টা বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান। গতকাল দুপুরে বুয়েট উপাচার্য ড. ইকবাল মাহমুদ তার বাসভবনে আয়োজিত এক প্রেস ব্রিফিংে এসব তথ্য জানান।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন ১৯৭৩ সালের ২০ মার্চ, দ্বিতীয় সমাবর্তন ১৯৭৬ সালের ১২ নভেম্বর, তৃতীয় সমাবর্তন ১৯৯২ সালে এবং চতুর্থ সমাবর্তন ১৯৯৩ সালের ৮ মে অনুষ্ঠিত হয়েছিল। প্রেস ব্রিফিংে এক প্রশ্নের জবাবে বুয়েট উপাচার্য বলেন, সেশন জট, অস্থিরতা, গ্রহণযোগ্যতা ইত্যাদি কারণে সমাবর্তন নিয়মিত করা যায়নি। তিনি আশা প্রকাশ করে বলেন, আগামীতে প্রতিবছর সমাবর্তনের আয়োজন করা হবে।

আগামীকালের সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ জন পিএইচডি ডিগ্রিধারীসহ মোট ২৯৯ জন স্নাতকোত্তর এবং ২ হাজার ৬৭৫ জন স্নাতক ডিগ্রি অর্জনকারীকে সনদপত্র প্রদান করবেন। এছাড়া স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে পরীক্ষার উৎকর্ষের জন্য ৩৫ জন ছাত্রছাত্রীকে এবং কৃতিত্বপূর্ণ গবেষণা ও শিক্ষকতা কাজের অবদান রাখার জন্য একজন অধ্যাপককে প্রথমবারের মতো স্বর্ণপদকে ভূষিত করা হবে। এবার এই স্বর্ণপদক পাচ্ছেন পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. সোহরাব উদ্দিন আহমেদ।